গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশ, নরসিংদী
www.palash.narsingdi.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মে ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ রবিউল আলম<br>উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী |
| সভার তারিখ | : ২২ মে ২০২৩ |
| সকাল | : ১১.৩০ ঘটিকা। |
| স্থান | : উপজেলা সম্মেলনকক্ষ, পলাশ, নরসিংদী। |

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি কর্তৃক আসন্ন ঈদ-উল-ফিতর এর সময়ে এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন, ইভটিজিং, মাদক ও সন্ত্রাস-নাশকতা বিস্তার রোধে করণিয় বিষয়ে উপস্থিত সদস্যগণকে সুচিন্তিত মতামত প্রদানের আহবান জানানো হয়।

২। অফিসার ইনচার্জ, পলাশ থানা, নরসিংদী গত মাসের অপরাধ চিত্রের নিম্নোক্ত "ছক" দাখিল করেন। অপরাধ চিত্র মোতাবেক মার্চ ২০২৩ মাসের তুলনায় এপ্রিল ২০২৩ মোট মামলার সংখ্যা হ্রাস পেয়েছে।

<u>মাসিক অপরাধ চিত্র:</u>

| সময় | খুন | ডাকাতি | দস্যুতা | চুরি | সিঃ চুরি | অস্ত্র আইন | অগ্নি সংযোগ | নারী ও শিশু | | | এসিড নিক্ষেপ | মাদক আইন | অপহরণ | দ্রুত বিচার | চোরাচালান | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অপঃ | ধর্ষণ | অন্যান্য | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| এপ্রিল ২০২৩ | - | - | - | ০১ | - | - | - | - | ০ | ০২ | - | ০৪ | - | - | - | ০২ | ০৯ |
| মার্চ ২০২৩ | ০১ | - | - | ০২ | - | - | - | - | ০১ | ০১ | - | ০৯ | - | - | - | ০১ | ১৫ |
| হ্রাস/ বৃদ্ধি | হ্রাস | - | - | হ্রাস | - | - | - | - | হ্রাস | বৃদ্ধি | - | হ্রাস | - | - | - | বৃদ্ধি | হ্রাস |

৩। সভায় সম্মানিত সদস্যগণের বক্তব্য :

৩.১ জনাব এস.এম. শফি, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, পলাশ, নরসিংদী বলেন, উপজেলায় অপরাধ বৃদ্ধি পাচ্ছে, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের বিশেষ করে পেঁয়াজের মূল্য বৃদ্ধি পাচ্ছে; বাজার পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি আরও জানান যে, এ উপজেলার বিভিন্ন এলাকায় বিদ্যমান বহুদিনের পুরাতন (ঝুকিঁপূর্ণ) শিক্ষা প্রতিষ্ঠান, অন্যান্য স্থাপনা এবং ভবন সমূহ সরেজমিন পরিদর্শন করে চিহ্নিতকরণ এবং বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ জরুরী।

৩.২ জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ জানান যে আগামী ২৫/০৫/২০২৩ খ্রি. তারিখে তার ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডে উপনির্বাচন হবে; শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

৩.৩ জনাব মোহাম্মদ ইলিয়াস, অফিসার ইনচার্জ, পলাশ থানা নরসিংদী জানান যে, কুরবানির ঈদের পূর্ববর্তী সময়ে উপজেলার কোথাও যেন গরু চুরি না হয় এ বিষয়ে গরু খামারী / মালিকসহ সংশ্লিষ্ট সকলকে স্ব-স্ব এলাকায় টহলের ব্যবস্থা এবং টহল পুলিশদের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান ।

৩.৪ জনাব সৈয়দ জাবেদ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী জানান যে, পলাশের আইনশৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। উপজেলায় কোথাও চুরি, ছিনতাইসহ স্কুল-কলেজ শুরু এবং ছুটির সময় স্কুল-কলেজের গেইটে ছাত্রীরা ইভটিজিং এর শিকার হয়। আইনশৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে নিবিড় পর্যক্ষেণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, পলাশ থানাকে অনুরোধ জানান।

৩.৫ জনাব মোঃ রবিউল আলম, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইন-শৃংঙ্খলা কমিটি, পলাশ, নরসিংদী জানান যে, মাদক, বাল্য বিবাহ এবং ইভটিজিং এবং গরু চুরি রোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি অত্র উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাননীয় প্রধান উপদেষ্টা, উপদেষ্টা, সম্মানিত সদস্য ও স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

৪. সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ :

| ক্র নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৪.১ | বহুদিনের পুরাতন (ঝুকিঁপূর্ণ) শিক্ষা প্রতিষ্ঠান, অন্যান্য স্থাপনা এবং ভবন সমূহ সরেজমিন পরিদর্শন করে চিহ্নিতকরণ পূর্বক (পৌর এলকায় মেয়র এবং ইউনিয়ন পর্যায়ে চেয়ারম্যান স্থানীয় কমিটি গঠন পূর্বক) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত নেয়া হয়। | ১। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।<br>২। চেয়ারম্যান (সকল), ইউপি।<br>৩। সংশ্লিষ্ট সকল। |
| ৪.২ | কুরবানির ঈদের পূর্ববর্তী সময়ে উপজেলার কোথাও যেন গরু চুরি না হয় এ বিষয়ে গরু খামারী / মালিকসহ সংশ্লিষ্ট সকলকে স্ব-স্ব এলাকায় টহলের ব্যবস্থা এবং টহল পুলিশদের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান । | ১। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।<br>২। অফিসার ইনচার্জ, পলাশ, থানা, পলাশ, নরসিংদী।<br>৩। চেয়ারম্যান (সকল), ইউপি। |
| ৪.৩ | ঘোড়াশাল পৌরসভাসহ, প্রত্যেকটি ইউনিয়ন ও ওয়ার্ডে নিয়মিত আইনশৃঙ্খলা কমিটির সভা করে, সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে এবং সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।<br>২। অফিসার ইনচার্জ, পলাশ, থানা, পলাশ, নরসিংদী।<br>৩। চেয়ারম্যান (সকল), ইউপি। |
| ৪.৪ | সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন আগামী মাসিক সভার পূর্বেই সভাপতি বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৫/২৩

মোঃ রবিউল আলম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
পলাশ, নরসিংদী।
ফোন নং+৮৮ ০২২২৪৪৬৬৩৪৪
ই-মেইল ঃ unopalash@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৬৮৬৩.০০৭.০৪.০০৩.২৩- ৪১১/১(৪০)

তাং- ২২/০৫/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নরসিংদী-২ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, পলাশ, নরসিংদী;
২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী;
৩। পুলিশ সুপার, নরসিংদী;
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী;
৫। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী;
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী;
৭। উপজেলা ...................... কর্মকতা, ও সদস্য উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, পলাশ, নরসিংদী;
৮। চেয়ারম্যান ............................................ (সকল) ইউনিয়ন পরিষদ, পলাশ, নরসিংদী;
৯। অফিস কপি।

২২/০৫/২৩

উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।